## Theoretical Knowledge of the following Ragas :

Bilawal, Khamaj, Yaman, Kafi, Bhairav, Bhairavi, Bihag, Asavari, Jounpuri, Jogiya.

Semester : (UG) ; Subject : Music (Hons.)

Paper : CC-3 (C3T).

Teacher's Name : DR. SUJATA ROY MANNA, Deptt. of Music (Assistant Professor)

Name of the College : Raja N.L. Khan Women's College, Paschim Medinipur, W.B.

### ১ রাগ - বিলাবল : (Bilawal) :

ঠাট - বিলাবল, প্রকৃতি: শান্ত, অঙ্গ : উত্তরাঙ্গ-প্রধান,
আরোহ : সা রে, গ, ম প, ধ, নি র্সা,
অবরোহ : র্সা নি ধ, প, ম গ, রে, সা।
জাতি : সম্পূর্ণ - সম্পূর্ণ, ন্যাস স্বর : রে, গ, প, ধ ;
বাদী স্বর : ধ, সমবাদী স্বর : গ, পকড় : গমরে, গপ, - ধ, নি র্সা। পরিবেশনের সময় : দিনের ১ম প্রহর (৬টা-৯টা)।

### ২ রাগ - খাম্বাজ : (Khamaj) :

ঠাট - খাম্বাজ, প্রকৃতি : চঞ্চল, অঙ্গ : উত্তরাঙ্গ-প্রধান,
আরোহ : সা গ, ম প ধ, নি র্সা,
অবরোহ : র্সা নি ধ, প, ম গ, রে সা।
জাতি : ষাড়ব - সম্পূর্ণ, ন্যাস স্বর : সা, গ, ধ, নি।
বাদী স্বর : গ, সমবাদী স্বর : নি, আরোহে শুদ্ধ নিষাদ এবং অবরোহে কোমল নিষাদ ব্যবহৃত হয় ; আরোহে ঋষভ বর্জিত স্বর।
পকড় : নিধ, মপধ, মগ। পরিবেশনের সময় : রাত্রি ২য় প্রহর, (৯টা-১২টা)।
এই রাগে ঠুমরী ও টপ্পা বেশী গাওয়া হয়।

### ৩ রাগ - ইমন / য়মন : (Yaman) :

ঠাট - কল্যাণ, প্রকৃতি: শান্ত, অঙ্গ : পূর্বাঙ্গ-প্রধান।
আরোহ : সা / ন়ি রে, গ, ম॑ প, ধ নি র্সা,
অবরোহ : র্সা নি ধ প, ম॑ গ, রে সা।
জাতি : সম্পূর্ণ - সম্পূর্ণ, ন্যাস স্বর : রে, গ, প।
বাদী স্বর : গ, সমবাদী স্বর : নি, সমপ্রকৃতির রাগ - ইমনকল্যাণ।
পকড় : ন়িরেগরে, ন়িরে, সা, প, মগরে, ন়িরেসা। পরিবেশনের সময় - রাত্রি ১ম প্রহর (৬টা-৯টা)।

④ রাগ - কাফী : (Kafi) :

ঠাট - কাফী, প্রকৃতি : চঞ্চল, অঙ্গ : পূর্বাঙ্গ-প্রধান,
আরোহ : সা রে, গ ম প, ধ নি র্সা,
অবরোহ : র্সা নি, ধ প, মগ, রে সা।
জাতি : সম্পূর্ণ - সম্পূর্ণ, ন্যাস স্বর : সা, গ, প, নি,
বাদীস্বর : প (মতান্তরে গ), সমবাদী স্বর : সা (মতান্তরে নি),
এই রাগে গান্ধার ও নিষাদ কোমল হলেও, কুশলতা পূর্বক এই দুই স্বরের শুদ্ধরূপও মাধুর্য বর্ধিত করার জন্য ব্যবহৃত হয়। তবু মনে রাখা প্রয়োজন যে, শুদ্ধ গান্ধার ও শুদ্ধ নিষাদ এই রাগের নিয়মিত স্বর নয় এবং রাগের আরোহে এইরূপ ব্যবহার সঙ্গত।
এই রাগে ঠুমরী ও টপ্পা বেশী গাওয়া হয়। পকড় : সাসা, রেরে, গগ, মম, প। পরিবেশনের সময় : রাত্রি ২য় প্রহর (৯টা - ১২টা)।

⑤ রাগ - ভৈরব : (Bhairav) :

ঠাট - ভৈরব, প্রকৃতি : শান্ত, অঙ্গ : উত্তরাঙ্গ প্রধান,
আরোহ : সারে গম, পধ, নির্সা,
অবরোহ : র্সানিধ, পম, গ রে সা।
জাতি : সম্পূর্ণ - সম্পূর্ণ, ন্যাস স্বর : সা, রে, ধ।
বাদী স্বর : ধ, সমবাদী স্বর : রে, — এই দুটি স্বর এই রাগে ঈষৎ আন্দোলিত রূপে ব্যবহৃত হয়। বিবাদী স্বর হিসেবে কোমল নিষাদও অল্প ও সাবধানে ব্যবহার করার রীতি আছে, এতে রাগের মাধুর্য ও বৈচিত্র্য বৃদ্ধি করা হয়। অবরোহে মধ্যম থেকে কোমল ঋষভে সুরের উপস্থাপনায় 'মীড়' - এর সাহায্য নিলে শ্রুতিমাধুর্য অধিকরূপে পরিস্ফুট হয়। এই কোমল-ঋষভ আরোহের সময় অলঙ্কৃত প্রাপ্ত হয়। সমপ্রকৃতির রাগ হিসেবে রামকেলি (যদিও এইরাগে শুদ্ধ-মধ্যমের সঙ্গে তীব্রমধ্যম ও ব্যবহৃত হয়) - রাগের নাম বলা যেতে পারে। পকড় : গম. ধপ, গ(ম) রে সা।
পরিবেশনের সময় : প্রাতঃকাল।

⑥ রাগ - ভৈরবী : (Bhairavi) :

ঠাট - ভৈরবী, প্রকৃতি : চঞ্চল, অঙ্গ - পূর্বাঙ্গ-প্রধান, বাদীস্বর : ম, (মতান্তরে ধ), সমবাদী স্বর : সা (মতান্তরে গ) ; এই রাগে ঠুমরী বেশী গাওয়া হয় এবং পরিবেশনের সময় : দিবা ২য় প্রহর হলেও, সব সময়েই গাওয়ার প্রচলন আছে। কোমল স্বর : রে, গ, ধ, নি হলেও প্রায় সব স্বরেরই বিবাদী স্বরের মতো প্রয়োগ করা হয়। ন্যাস স্বর : সা, গ, প, ধ।
আরোহ : সা, রে গ, ম পধ, নি র্সা,
অবরোহ : র্সা, নিধ, প, মগ, রেসা। জাতি : সম্পূর্ণ - সম্পূর্ণ।
পকড় : নিসা, গমধপ, গমগ, রেসা।

(৭) রাগ - বিহাগ / বেহাগ : ( Bihag ):

ঠাট - বিলাবল, প্রকৃতি : শান্ত, অঙ্গ : পূর্বাঙ্গ-প্রধান, বিবাদী স্বর : তীব্র মধ্যম এবং মাঝে-মাঝে ব্যবহৃত হয় শুধুমাত্র অবরোহণেই। আরোহে রে ও ধ বর্জিত এবং অবরোহে রে ও ধ দুর্বল। মতভেদে কেউ-কেউ এই রাগের ঠাট হিসেবে কল্যাণ-কে মেনে চলেন। এই রাগে নিষাদ থেকে পঞ্চম এবং গান্ধার থেকে ষড়্জ - এর ব্যবহার মীড়-সহযোগে করা হয়।
আরোহ : সা গ ম প নি র্সা,
অবরোহ : র্সা নি ধপ গমগ রেসা। বাদীস্বর : গ, সমবাদী স্বর : নি,
পকড় : নিসা, গমপ, গম গরেসা। জাতি : ঔড়ব - সম্পূর্ণ, ন্যাস-স্বর : সা, গ, প, নি। পরিবেশনের সময় : রাত্রি ২য় প্রহর (৯টা-১২টা)।

(৮) রাগ - আসাবরী : (Asavari):

ঠাট - আসাবরী, প্রকৃতি : শান্ত, অঙ্গ : উত্তরাঙ্গ, সমপ্রকৃতির রাগ : কোমল-ঋষভ-আসাবরী, জৌনপুরী। বাদীস্বর : ধ, সমবাদী স্বর : গ। ন্যাস স্বর : সা, গ, ধ, আরোহে নিষাদ বর্জিত। এই রাগের কোমল স্বর : গ, ধ, নি। পরিবেশনের সময় - দিবা ২য় প্রহর (৯টা-১২টা)। আরোহ : সা, রে ম প, ধ র্সা,
অবরোহ : র্সা, নি ধ প, মগ রে সা।
পকড় : ম প, নি ধ প, ম প গ, রে সা। জাতি : ঔড়ব - সম্পূর্ণ।

(৯) রাগ - জৌনপুরী : (Jounpuri):

ঠাট - আসাবরী, প্রকৃতি : চঞ্চল, অঙ্গ : উত্তরাঙ্গ। বাদীস্বর : ধ, সমবাদী স্বর : গ, এই রাগের কোমল স্বর : গ, ধ, নি। আসাবরী রাগে মধ্যম প্রবল এবং জৌনপুরী রাগে পঞ্চম প্রবল। সংগীতগুণীরা মতান্তরে এই রাগে উভয় নিষাদ ব্যবহার করেন, পরিবেশনের সময় দিবা ২য় প্রহর (৯টা-১২টা)। আরোহ : সা, রে ম প, ধ, নি র্সা,
অবরোহ : র্সা, নি ধ, প, মগ, রে সা।
জাতি : ষাড়ব-সম্পূর্ণ, ন্যাস স্বর : সা, গ, প, ধ।
পকড় : প, ধ, মপ, গ, রেমপ।

(১০) রাগ - যোগিয়া : (Jogiya):

ঠাট - ভৈরব, প্রকৃতি : শান্ত ও করুণ রসাত্মক, অঙ্গ : উত্তরাঙ্গ। ভৈরব রাগ অপেক্ষা এই রাগ কোমল। দক্ষিণভারতীয় সাবেরী রাগের সাথে এই রাগের সাদৃশ্য পাওয়া যায়। ন্যাস স্বর : রে, ম, প, র্সা, পরিবেশনের সময় - প্রাতঃকাল। আরোহ : সা রে, ম, পধ র্সা
অবরোহ : র্সা নি ধপ, ধম, রে, সা।
জাতি : ঔড়ব - ষাড়ব। পকড় : রেম, মপ, ধ র্রে র্সা, নিধপ, ধম, রেম-রেসা, বাদীস্বর : ম (মতান্তরে র্সা), সমবাদী স্বর : র্সা (মতান্তরে ম)। আরোহে ধম

উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করে। আবার গান্ধার বর্জিত হলেও কোনও কোনও সংগীতজ্ঞগণ এই স্বরের প্রয়োগ করেন এবং একে একটি সংকীর্ণ শ্রেণীর রাগ বলে বিবেচনা করেন। সমপ্রকৃতির রাগ হিসেবে ভৈরব, গুণকেলি রাগের নাম করা যেতে পারে। কোমল ধৈবত ব্যবহারের জন্য (আরোহে) এর সঙ্গে মিল খুঁজে পাবে কোমল-ধৈবত-আসাবরী রাগের; এই ভেদের জৌনআবরী নামে আখ্যায়িত করেন কোনও কোনও সংগীতজ্ঞগণ।

— x —

অনুশীলনী :

ক) বিলাবল ও বিহাগ রাগদুটির সাদৃশ্য ও বৈসাদৃশ্য আলোচনা কর।

খ) ভৈরব ও যোগিয়া রাগদুটির সাদৃশ্য ও বৈসাদৃশ্য বিস্তারিতভাবে আলোচনা কর।

গ) আসাবরী ও জৌনপুরী রাগদ্বয়ের মধ্যে কি কি মিল ও অমিল পাওয়া যায় বিস্তারিতভাবে ব্যাখ্যা দাও।

ঘ) খাম্বাজ ও কাফী রাগদুটির মধ্যে সাদৃশ্য উদাহরণসহ নিরূপণ কর।

ঙ) দিন ও রাত্রির সকল সময়ে যে রাগ গাওয়া যায়, তার পূর্ণাঙ্গ-পরিচিতি লেখ।

চ) য়মন (ইমন) রাগের পরিচয় বিবৃত কর।

ছ) পাঠক্রমের অন্তর্গত রাগগুলির দিবা ও রাত্রিকালে পরিবেশনের সময়ের বিচারে নির্দিষ্ট করে প্রতিটি রাগের পূর্ণাঙ্গ-পরিচয় দাও।

— x —

— DR. SUJATA ROY MANNA,
Assistant Professor,
Department of Music,
Raja N. L. Khan Women's College,
Paschim Medinipur.